PHONE : (03451) 250372

**PALASHAN M. M. HIGH SCHOOL(H.S.)**

Regd.- 1884 :: Index No- HI-158 :: H.S. Code NO-04221
P.O.-PALASHAN :: VIA-SHYAMSUNDAR :: P.S.-RAINA
BURDWAN SADAR :: BURDWAN
GOVT. SPONSORED

From :- President/Headmaster

Ref. No........................ Date. : 06/04/2020

**প্রিয় ছাত্রছাত্রীরা,**

কোভিড-১৯ (নভেল করোনা) অসুখের কারণে আমরা সবাই গৃহবন্দী। তোমরাও। এই সময় তোমাদের পড়াশুনো যাতে একদম বন্ধ হয়ে না যায়, সেই জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষাবিভাগ বেশ কিছু ব্যবস্থা নিয়েছে।

১। বাংলার শিক্ষা ক্লাসরুম :

আপাতত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীরা, যারা আগামী বছরে বোর্ড পরীক্ষার সম্মুখীন হবে, তাদের জন্য, আগামী ৭ এপ্রিল, ২০২০ থেকে ১৩ এপ্রিল, ২০২০, প্রতিদিন একঘণ্টা করে এবিপি আনন্দ চ্যানেলে, বিকেল ৩ টে থেকে একটি অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে, যেখানে অভিজ্ঞ শিক্ষকেরা একটি বিষয়ের একটি নির্দিষ্ট অধ্যায়ের উপর আলোচনা করবেন। (অনুষ্ঠানসূচী দেখো বাংলার শিক্ষা পোর্টালে) ।

ছাত্রছাত্রীরা অনুষ্ঠানের আগের দিন সন্ধ্যে ৬ টা পর্যন্ত bsclassroom2020@gmail.com -এ ই-মেল করে বা ৯৭৪৮২১৭২০১ নাম্বারে হোয়াটস অ্যাপ করে প্রশ্ন করতে পারবে। অনুষ্ঠান চলাকালীন ফোন করেও প্রশ্ন করা যাবে। প্রশ্ন পাঠানোর সময় নিজের নাম, ক্লাস, স্কুলের আর জেলার নাম বলতে ভুলো না। অনুষ্ঠান শেষে বাড়িতে বসে করার জন্য একটি অ্যাকটিভিটি টাস্ক দেওয়া হবে, যা বিদ্যালয় খুললে স্কুলের শিক্ষকের কাছে জমা করতে হবে।

২। বাংলার শিক্ষা অনলাইন :

অন্য সব ক্লাসের শিক্ষার্থীরাও যাতে নিয়মিত বাড়িতে বসে পড়াশুনো করতে পারে তাই বিদ্যালয় বন্ধ থাকাকালীন বাড়িতে বসে করার জন্য প্রতিটি বিষয়ে, প্রথম সামেটিভ পরীক্ষার পাঠ্যসূচির ভিতর থেকে, একটি করে অ্যাকটিভিটি টাস্ক বা অ্যাসাইনমেন্ট দেওয়া হবে, যা ওই বিষয়ের খাতায় অনুশীলন করে বিদ্যালয় খুললে স্কুলের শিক্ষকের কাছে জমা করতে হবে। মডেল অ্যাকটিভিটি টাস্ক বাংলার শিক্ষা পোর্টালে (https://banglarshiksha.gov.in) বা এডুকেশন হেল্পলাইনে ( ১৮০০ ১০২ ৮০১৪) ফোন করে পাওয়া যাবে। প্রয়োজনে বিদ্যালয়ের শিক্ষকের সহায়তা নেবে এসএমএস, ই-মেইল, ফোন বা হোয়াটসঅ্যাপের মাধ্যমে। তাঁদের উপদেশ অনুযায়ী অনুশীলন শেষ করবে। মন দিয়ে পড়াশুনো করো। তোমাদের সুবিধার জন্য বেশ কিছু ই-কনটেন্ট দেওয়া হচ্ছে ওই পোর্টালে।

ঘর থেকে বেরোবে না। সুস্থ থাকো, ভালো থাকো।

**ডঃ পার্থ চ্যাটার্জী**

**শিক্ষামন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার**

PHONE : (03451) 250372



# Online Classroom

ONLINE CLASSROOM

## " করোনা থেকে থাকতে দূরে বিদ্যালয় আজ নিজের ঘরে "

Guidelines | Activity Task | Programme Schedule

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

১। প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়নের জন্য নির্ধারিত পাঠ্যসূচিকে ভিত্তি করে মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি তৈরি করা হয়েছে।

২। প্রয়োজনে অ্যাক্টিভিটি টাস্কগুলি করার আগে প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়নের জন্য নির্ধারিত অধ্যায়গুলি পাঠ্যপুস্তক থেকে একবার দেখে নেওয়া যেতে পারে।

৩। বিদ্যালয় খুললে অ্যাক্টিভিটি টাস্কগুলি শিক্ষকের কাছে জমা দিতে হবে।

৪। প্রয়োজনে বিদ্যালয়ের শিক্ষিকা-শিক্ষকদের সহায়তা নিতে পারো।

৫। প্রয়োজনে বিদ্যালয় শিক্ষক মডেল অ্যাক্টিভিটি টাস্ক পরিবর্তন করে ফোন, sms ইমেইল ইত্যাদি মাধ্যমে নিজ স্কুলের শিক্ষার্থীদের পাঠাতে পারেন।

৬। ঘরে বসে খাতায় উত্তর তৈরি করো।

**ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে। কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।**

**এডুকেশন হেল্পলাইন ( ১৮০০ ১০২ ৮০১৪)**

## বাংলার শিক্ষা ক্লাসরুম

### সময়সূচি ও বিষয়সূচি

৭ই এপ্রিল থেকে ১৩ই এপ্রিল, ২০২০ প্রতিদিন বিকেল ৩টে থেকে ৪টে অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে এবিপি আনন্দ চ্যানেলে

| তারিখ | পর্ব | শ্রেণি | বিষয় | অভিমুখ |
|---|---|---|---|---|
| 07.04.2020 | পর্ব-1 | X | English | The Passing Away of Bapu (Prose) |
| | পর্ব-2 | XII | English | On Killing a Tree (Poem) |
| 08.04.2020 | পর্ব-1 | X | জীবনবিজ্ঞান | দ্বিতীয় অধ্যায়: জীবনের প্রবহমানতা |
| | পর্ব-2 | XII | Accountancy | Partnership business: P/L Appropriation Account, Admission of new partner |
| 09.04.2020 | পর্ব-1 | X | গণিত | একচলবিশিষ্ট দ্বিঘাত সমীকরণ |
| | পর্ব-2 | XII | গণিত | সম্বন্ধ ও চিত্রণ |
| 10.04.2020 | পর্ব-1 | X | বাংলা | হারিয়ে যাওয়া কালিকলম |
| | পর্ব-2 | XII | বাংলা | ভাষাবিজ্ঞানের ভূমিকা |
| 11.04.2020 | পর্ব-1 | X | ভৌতবিজ্ঞান | রাসায়নিক বন্ধন |
| | পর্ব-2 | XII | পদার্থবিদ্যা | স্থির তড়িৎ |
| 12.04.2020 | পর্ব-1 | X | ইতিহাস | প্রতিরোধ ও বিদ্রোহ: বৈশিষ্ট্য ও বিশ্লেষণ |
| | পর্ব-2 | XII | ইতিহাস | প্রথম অধ্যায়- ইতিহাস নির্মাণ (পৌরাণিক কাহিনী,কিংবদন্তী,মৌখিক ঐতিহ্য,লোককথা,স্মৃতিকথা,ইতিহাস লিখন পদ্ধতি,মিউজিয়াম) |
| 13.04.2020 | পর্ব-1 | X | ভূগোল | পঞ্চম অধ্যায়- ভারতের প্রাকৃতিক পরিবেশ |
| | পর্ব-2 | XII | Economics | Concept of Elasticity (Ch-3) |